

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.০৩৭.২৪. ০৭৬

তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২৫

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির (ইরেসপো) আওতায় পিরোজপুর জেলাধীন মঠবাড়ীয়া উপজেলায় বিগত ২৮/০৭/২০২৪ তারিখ হতে মাঠ সংগঠক পদে কর্মরত আছেন। মঠবাড়ীয়া উপজেলায় যোগদানের পর হতে অদ্যাবধি আপনার কার্যক্রম পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:


(লক্ষ টাকায়)

সমিতি গঠন	সদস্য অন্তর্ভুক্তি	সঞ্চয় আদায়	ঋণ বিতরণ	ঋণ আদায়	মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ	কিস্তি খেলাপীর পরিমাণ	সেবামূল্য আদায়
১টি	২৫ জন	১.৪৩	১৭.১৮	১৪.১৮	২৪.৫১	৩.৪১	১.২৫

২। বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য হতে বেতন-ভাতা পরিশোধের শর্তে প্যানেল হতে আপনাকে মাঠ সংগঠক পদে নিয়োগ দেয়া হয়। তদুপরি পর্যাপ্ত অর্জিত আয় না থাকায় এবং নতুনভাবে সমিতি গঠনপূর্বক সদস্যদের ঋণ বিতরণ ও আদায়ের মাধ্যমে সেবামূল্য অর্জনে কিছুটা সময় প্রয়োজন বিধায় আপনার বিপরীতে বেতন-ভাতা বাবদ কর্মসূচির সদর দপ্তর হতে সহায়তা প্রদান করা হয়েছে। কিন্তু প্রায় ৭ মাস অতিবাহিত হলেও আপনার কার্যক্রম মূল্যায়নে প্রতীয়মান হয় যে, আপনি সমিতি গঠন, সদস্য অন্তর্ভুক্তি, সঞ্চয় আদায়, ঋণ বিতরণ ও আদায়ের মাধ্যমে সেবামূল্য অর্জন এবং তা থেকে বেতন-ভাতা গ্রহণের মত সামর্থ্য ও আগ্রহ নেই। তাই আপনাকে যে উদ্দেশ্যে চাকুরিতে নিয়োজিত করা হয়েছে আপনি তার যোগ্য নয় বিধায় আপনাকে চাকুরীতে রাখা সমীচীন হবে না মর্মে প্রতীয়মান হয়েছে।

৩। এমতাবস্থায়, উল্লেখিত কারণে দায়িত্ব পালনে অবহেলা, কাজের প্রতি উদাসীনতা, অদক্ষতা, অযোগ্যতা ও কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করার অভিযোগে অভিযুক্ত করে কর্মসূচির চুক্তি ভিত্তিক নিয়োগ পত্রের ৬ নং শর্ত মোতাবেক কেন আপনাকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা হবে না তার জবাব আগামী ২৬/০২/২০২৫ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।

জনাব সুইটি
মাঠ সংগঠক, ইরেসপো,
বিআরডিবি, মঠবাড়ীয়া, পিরোজপুর।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন : ০২৪১০১০৩৪১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: পিরোজপুর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, মঠবাড়ীয়া, পিরোজপুর।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।